TESS India

# ইংরেজীর বর্ণ ও ধ্বনি

# Letters and sounds of English






ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

The Open University

UKaid from the British people

cc BY SA
http://creativecommons.org/licenses/

TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

### ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে:  । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করক 2.0 EE03v1

West Bengal

তৃতীয় কেরষ উ াদানগুলি বা অন্যথায় বর্তি না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উ লব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

# এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটের উদ্দেশ্য হল ইংরেজী ধ্বনি, বর্ণ ও শব্দগুলো শেখা ও অভ্যাস করার জন্য ক্লাসরুমের অ্যাক্টিভিটিগুলো সম্বন্ধে জানা। আমরা জানি যে, ইংরেজী পড়তে শেখার একটি গুরুত্বপূর্ণ ধাপ হল, ইংরেজী বর্ণমালার বর্ণগুলো উচ্চারণের ধ্বনি কেমন হয় তা জানা। পড়তে শেখার জন্য নিশ্চিতভাবেই শুধু এটুকু যথেষ্ট নয়, অবশ্যই অর্থের ওপর মনোযোগ দিয়ে পড়তে শেখানো উচিত। আপনি এবং আপনারা শিক্ষার্থীরা যখন ইংরেজী ধ্বনী ও বর্ণগুলি অভ্যাস করবেন তখনও যাতে ভাষার অর্থের উপর মনযোগ নিবদ্ধ রাখতে পারেন সেইভাবে/সেই দিকে সাহায্য করার জন্য এই অধ্যায়টির অ্যাক্টিভিটিগুলি তৈরি করা হয়েছে।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- আপনার স্তরে ইংরেজী বর্ণ ও ধ্বনিগুলো অভ্যাস করা।
- ক্লাসরুমে শিক্ষার্থীদের সঙ্গে ইংরেজী বর্ণ ও ধ্বনিগুলো অভ্যাস করা।
- ইংরেজী ধ্বনি, বর্ণ ও শব্দ সংক্রান্ত অ্যাক্টিভিটিগুলো পরিকল্পনা করা।

# 1 ইংরেজী উচ্চারণ

প্রথম অ্যাক্টিভিটিতে, আপনি আপনার স্তরে একটি ইংরেজী উচ্চারণ সহায়িকা অনুশীলন করবেন।

## অ্যাক্টিভিটি 1: ইংরেজীর অক্ষর ও বর্ণ

ইংরেজী বর্ণগুলো শব্দে যে ধ্বনিতে উচ্চারিত হয়, বর্ণের নামগুলো তার থেকে অনেকটাই আলাদা হতে পারে।

ধরুন এই ইংরেজী বর্ণের নাম হল ‘b’। এটির উচ্চারণ হয় অনেকটা ‘bee’ এর মত। এই বর্ণ দিয়ে শুরু হয় এমন কী কী ইংরেজী শব্দ আছে? আপনি হয়ত ‘bag’, ‘bus’ বা ‘ ‘bell’ এর কথা ভাবতে পারেন। এই শব্দগুলো জোরে উচ্চারণ করুন।

আপনি যখন এই শব্দগুলো জোরে উচ্চারণ করেন, তখন আপনি শুনতে পাবেন যে, বর্ণের ধ্বনি কিছুটা ‘bh’ এর মত শোনায়। শুধু ‘b’ এর ধ্বনিটা উচ্চারণ করতে চেষ্টা করুন, আর ‘bag’ ও ‘boy’ এর মত শব্দগুলোতে ধ্বনি শুনুন। বর্ণের নাম আর ধ্বনির মধ্যে পার্থক্যটা শুনুন।

এটা আবার চেষ্টা করুন এবং ইংরেজী বর্ণ ‘r’ উচ্চারণ করুন। ‘r’ দিয়ে শুরু হয় এমন কী কী শব্দ আছে? এই শব্দগুলো জোরে উচ্চারণ করুন।

এই শব্দগুলোতে ‘r’ এর ধ্বনি কেমন হয়? মন দিয়ে শুনুন যে, ‘r’ নামক বর্ণের ধ্বনি কীভাবে ‘are’ এর মত শোনায়, কিন্তু ধ্বনিটা ‘rrr’ এর মত।

ইংরেজীর ভাওয়েল বা স্বরবর্ণগুলো (‘a’, ‘e’, ‘i’, ‘o’, ‘u’) যে শব্দের মধ্যে আছে, তার ওপর নির্ভর করে এই ধ্বনিগুলো পরিবর্তিত হয়।

সম্পদ 1-এ যান এবং নিজে বর্ণ ও ধ্বনিগুলো অনুশীলন করুন। আপনি আপনার আত্মবিশ্বাস ও উচ্চারণকে কীভাবে মূল্যায়ন করবেন?

আপনার ইংরেজী উচ্চারণের উন্নতি করার একটি ভাল উপায় হল যথাসম্ভব বেশি ইংরেজী ধ্বনি শোনা। রেডিওতে ইংরেজী শুনতে চেষ্টা করুন। আপনি যদি বক্তব্য বা গানের সবকিছু বুঝতে না পারেন, তাহলেও ইংরেজীর ধ্বনিগুলো শুনুন এবং বলতে চেষ্টা করুন।

পরবর্তী দুটি কেস স্টাডিতে, আপনি দেখতে পাবেন যে শিক্ষকরা, কীভাবে ছাত্রছাত্রীদেরকে ইংরেজী বর্ণ ও ধ্বনির সাথে পরিচিত করান।

### কেস স্টাডি 1: রেশমী ‘b’ এর ধ্বনি শেখাচ্ছেন

*রেশমী হলেন প্রথম শ্রেণির শিক্ষিকা।*

আমার কাছে একটা ব্যাগ, বেলুন ও ব্রাশের মত কিছু ছোট ছোট জিনিস ছিল, আর boat (নৌকা), bicycle (সাইকেল) ও buffalo (মোষ)-এর মত কিছু জিনিসের ছবি ছিল যেগুলো ‘b’ দিয়ে শুরু হয়। আমার কাছে নীল রঙের একটা কাপড়ের টুকরোও ছিল।

আমি এই বলে পাঠটি শুরু করি ‘আজ আমরা “b” অক্ষর এবং “b” এর ধ্বনির ওপর মনোযোগ দেব। “b” ধ্বনি দিয়ে শুরু হয় এমন কতগুলো ইংরেজী শব্দ সবাই মিলে শেখা যাক।’

কখনও কখনও শিক্ষার্থীরা বাংলা এমন কিছু শব্দ উল্লেখ করেছিল যা ‘b’ ধ্বনি দিয়ে শুরু হয়। তারা যখন এটা করেছিল, তখন আমি নিশ্চিতভাবে জানিয়েছিলাম যে, আমাদের ভাষায় এই ধ্বনিটা ইংরেজী ‘b’ এর সাথে সদৃশ। ক্লাসের যে সব শিক্ষার্থীর নাম ‘b’ ধ্বনি দিয়ে শুরু হয়, যেমন বলদেব ও বালা, আমি তাদের প্রতিও নির্দেশ করেছিলাম। তাদের প্রতি অন্যদের নজর আকৃষ্ট করেছিলাম।

‘b’ দিয়ে শুরু হয় এমন শব্দগুলোর তালিকা পেয়ে যাওয়ার পরে, আমি তালিকা থেকে একটা খুবই সহজ গল্প তৈরি করেছিলাম: Bala went to the market to buy a cricket bag, a new bag for her school books, a brush for her hair and a basket to keep the brush in. But in the end, she saw a blue balloon and she bought that instead.

আমি তারপরে শিক্ষার্থীদের বলেছিলাম ‘b’ ধ্বনি দিয়ে শুরু হওয়া শব্দগুলোর ছবি আঁকতে, আর তাদের নিজের গল্প এই ছবিগুলোকে বলতে।

#### চিন্তার জন্য সাময়িক বিরতি


- রেশমী এই পাঠের জন্য কীভাবে প্রস্তুত হয়েছিলেন?
- আপনি কী মনে করেন যে, বর্ণের নাম এবং বর্ণের ধ্বনির মধ্যে পার্থক্যটা শিক্ষার্থীদের বিভ্রান্ত করবে? রেশমী কীভাবে এই বিভ্রান্তি দূর করেছিলেন?
- রেশমী কীভাবে তাঁর শিক্ষার্থীদের ধারণার মূল্যায়ন করেছিলেন?

## 2 ক্লাসরুমে বর্ণ, ধ্বনি ও শব্দ

### কেস স্টাডি 2: নন্দা পাঠ্যবই ও ফ্ল্যাশ কার্ড ব্যবহার করেন

*নন্দা দ্বিতীয় শ্রেণিতে পড়ান।*

আমি কয়েকটা ইংরেজী বর্ণের কার্ড তৈরি করেছিলাম (চিত্র 1)। এই কার্ডগুলোতে ইংরেজীর সমস্ত বর্ণগুলো আছে, আর ‘ch’, ‘sh’, ‘ph’ ‘ও’ ‘th’-এর মত কিছু বর্ণের মিশ্রণও আছে। এই কার্ডগুলো তৈরি করতে বেশিক্ষণ লাগেনি আর এগুলো সবসময়ই উপযোগী হয়।




**চিত্র 1** বর্ণের কার্ডগুলো ব্যবহার করা।

আমি পাঠ্যবইয়ের পাঠটা নিয়ে, ইউনিটের গুরুত্বপূর্ণ শব্দভান্ডারের জন্য ফ্ল্যাশ কার্ড-এর আরেকটা সেট তৈরি করেছিলাম। কার্ডের এক পিঠে আমি শব্দগুলো লিখেছিলাম, আর অন্য পিঠে ছবি এঁকেছিলাম- অথবা শব্দগুলোর জন্য পত্রিকা থেকে কিছু ছবি খুঁজে বের করেছিলাম (উদাহরণস্বরূপ, ‘apple’, ‘mango’, ‘banana’, ‘chapati’, ‘fish’)।

আমি পাঠটা পড়ানোর আগে, নিজে ইংরেজী শব্দগুলো উচ্চারণ করা অভ্যাস করি, যাতে আমি এগুলো বলার সময় আত্মবিশ্বাস অনুভব করি। আমার থেকে ভাল ইংরেজী বলতে পারে এমন কোনো বন্ধুর সঙ্গে আমি কখনও কখনও আমার উচ্চারণ যাচাই করে নিই।

আমি ক্লাসে ছবির কার্ডগুলো তুলে ধরি আর প্রতিটা ছবির জন্য শব্দটা বলি। আমি শিক্ষার্থীদের বলি, ‘আমার পরে পুনরাবৃত্তি কর … mango’। আমি এটা কয়েকবার করি। আমি তারপরে অ্যাক্টিভিটিটা আবার করি, এইবার প্রতিটা শব্দ উচ্চারণ করার সময় শব্দটার প্রথম ধ্বনির ওপর জোর দিই; যেমন ‘m – mango’। আমি শব্দগুলো ব্যবহার করে শিক্ষার্থীদের সংক্ষিপ্ত প্রশ্ন জিজ্ঞাসা করতে চেষ্টা করি, যাতে তারা একটি বাক্যে সেগুলোর পুনরাবৃত্তি শুনতে পায়। আমি জিজ্ঞাসা করি, উদাহরণস্বরূপ ‘Do you like mango?’ - আর তারা উত্তরে yes বা no বলতে পারে।

আমি তারপরে শিক্ষার্থীদের বর্ণের কার্ডগুলো দেখাই, আর কার্ডগুলো তুলে ধরার সময় তাদেরকে ‘a’, ‘m’, ‘b’, ‘ch’ ‘ও’ ‘f’ এর মত ধ্বনিগুলোর উচ্চারণ অভ্যাস করাই। অবশেষে আমি ছবির কার্ডগুলোর মধ্যে একটা তুলে ধরি আর শিক্ষার্থীদের জিজ্ঞাসা করি যে কোন ধ্বনিটা দিয়ে এর নামটা শুরু হয়। তাই আমি যখন আমের ছবি সহ একটা কার্ড তুলে ধরি, তখন তারা ‘m’-এর ধ্বনি অথবা ‘m’ বর্ণের নামটা বলতে পারে - দুটোই সঠিক।

সপ্তাহব্যাপী, আমি ফ্ল্যাশ কার্ডের দুটো সেট নিয়ে শিশুদের ছোট ছোট দলকে ঘুরিয়ে ফিরিয়ে, ছবি ও শব্দের কার্ডগুলোকে বর্ণের কার্ডগুলোর সঙ্গে মেলানোর একটা খেলা খেলি। আমি এক দল শিশুর সঙ্গে কাজ করি, যাদের বর্ণ/ধ্বনির মধ্যে সংযোগ করতে সমস্যা হয়। [শিক্ষার্থীদের কীভাবে দলে বিন্যস্ত করা ও পরিচালনা করা যায়, সেই বিষয়ে আরো জানতে সম্পদ 2 ‘দলগত কাজ ব্যবহার করা’ দেখুন।]

আমি এই অ্যাক্টিভিটিগুলোতে শিক্ষার্থীদের অক্ষরগুলো পড়তে এবং অক্ষরগুলোর ধ্বনি উচ্চারণ করতে, আর তাদের উচ্চারিত ধ্বনিগুলো সম্বন্ধে ভাবতে উৎসাহ দিই। আমি তাদেরকে পুরো শব্দটা পড়তে ও উচ্চারণ করতেও বলি। আমি মনে করি যে, শব্দগুলোর অর্থ সম্বন্ধে চিন্তা করা এবং ছোট ছোট বাক্যে এই শব্দগুলো ব্যবহার করাও তাদের পক্ষে জরুরি।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- নন্দা কী কী সম্পদ প্রস্তুত করেন? আপনার পক্ষে এই ধরণের সম্পদগুলো তৈরি করা কতটা সহজ বা কঠিন হবে?
- আপনি কী মনে করেন যে, বর্ণ, ধ্বনি ও শব্দগুলোকে সংযুক্ত করার জন্য নন্দার পদ্ধতিটি কার্যকর?
- কোনো শিক্ষার্থী যখন একটি বর্ণমালা উচ্চারণ করতে পারে, অথচ লিখিত বর্ণগুলো সনাক্ত করতে পারে না, তখন কী বুঝতে হবে?
- কোনো শিক্ষার্থী যখন ফ্ল্যাশ কার্ডের শব্দগুলো পড়তে পারে, অথচ পাঠ্যবইয়ে সেই একই শব্দগুলো সনাক্ত করতে পারে না, তখন কী বুঝতে হবে?
- নন্দার ক্লাসরুমের অ্যাক্টিভিটিগুলি বারবার পড়ে মুখস্থ করাকে কীভাবে নিরুৎসাহিত করে?

শিক্ষার্থীদের বর্ণ ও শব্দগুলো বারবার পড়ে মুখস্থ করতে শেখানো যায়, বিশেষত: যখন পাঠগুলো আগের থেকে অনুমান করা যায় এমন ও পুনরাবৃত্তিকর হয়। তার অর্থ নিশ্চিতভাবে এই নয় যে, শিক্ষার্থীরা যা 'পড়ছে' তা বুঝতে পেরেছে। নন্দার ক্লাসরুমের অ্যাক্টিভিটিগুলো বৈচিত্র্যময় ও কথোপকথনমূলক। তিনি শিক্ষার্থীদের অংশ নিতে, অনুমান করতে উৎসাহ দেন, আর তিনি তাদের খুব বেশি সংশোধন করেন না।

নন্দা বিচ্ছিন্নভাবে বর্ণ ও ধ্বনি শেখান না - তিনি শিক্ষার্থীদেরকে তাদের কাছে অর্থপূর্ণ শব্দের (যেমন 'mango' ও 'chapati') মধ্যে বর্ণ ও ধ্বনিগুলো সনাক্ত করতে সাহায্য করেন।

## ভিডিও: অগ্রগতি ও কার্যকারীতা মূল্যায়ন

## অ্যাক্টিভিটি 2: বর্ণ, ধ্বনি ও শব্দ


এখন সম্পদ-3 এ যান। এই খেলা ও অ্যাক্টিভিটিগুলো ভাল করে পড়ুন। আপনার ক্লাসের সঙ্গে পরখ করে দেখার জন্য, সম্পদ 3 থেকে অথবা উপরের কেস স্টাডি 1 ও 2 থেকে একটি অ্যাক্টিভিটি বেছে নিন।

যদি সম্ভব হয়, একজন সহকর্মীর সঙ্গে আপনার পছন্দটা আলোচনা করুন। আপনি কি আপনার ক্লাসের প্রয়োজনের সাথে উপযোগী করে তোলার জন্য কোনোভাবে সেই খেলা বা অ্যাক্টিভিটিকে পরিবর্তন করবেন?

আপনি পাঠ্যবইয়ের যে পাঠটি পড়াচ্ছেন, তার শব্দভান্ডারের সঙ্গে অ্যাক্টিভিটিকে সম্পর্কিত করুন। আপনি শিক্ষার্থীদের সঙ্গে এটা করার আগে, একজন সহকর্মীর সঙ্গে অ্যাক্টিভিটিটা পরখ করে দেখুন।

এই অ্যাক্টিভিটিগুলোর মূল লক্ষ্য হল বর্ণ ও ধ্বনিগুলো শেখানো, তবে শিক্ষার্থীরা যাতে এই ধ্বনিগুলোকে ইংরেজী শব্দের সাথে সম্পর্কিত করতে পারে এবং তারা এই শব্দগুলোর অর্থ বুঝতে পারে তা সুনিশ্চিত করাও জরুরি। আপনি কীভাবে এটা সুনিশ্চিত করবেন?

আপনার বেছে নেওয়া অ্যাক্টিভিটিটা শিক্ষার্থীদের সঙ্গে করুন। তারপরে ভাবুন যে, কোনটা ভালভাবে হয়েছিল, আর কোনটা আপনি পরের বার অন্যভাবে করবেন।



একটি বর্ণ কার্ডের অ্যাক্টিভিটি।

সময়ের সাথে সাথে ইংরেজী বর্ণ ও ধ্বনিগুলো শেখার ক্ষেত্রে শিক্ষার্থীদের অগ্রগতি, এবং তারা কীভাবে তাদের বর্ণ/ধ্বনির জ্ঞানকে লেখা ও পড়ার সময় প্রয়োগ করে, তা পর্যবেক্ষণ করা একটা ভাল ধারণা। একটা সহজ টিক লিস্ট বা টেবিল আপনাকে প্রত্যেক শিক্ষার্থীর অগ্রগতির ওপর নজর রাখতে সাহায্য করতে পারে, তাই আপনি তাদের সাফল্যের রেকর্ড প্রস্তুত করতে পারেন:

- বর্ণমালা আবৃত্তি করতে পারে।
- বর্ণগুলো চিনতে পারে।
- বর্ণমালার ক্রমে নয় এমন বর্ণমালাগুলিকেও চিনতে পারে।
- বর্ণের নামগুলোকে ধ্বনির সাথে সম্পর্কিত করতে পারে।
- বর্ণের ধরণগুলোকে ধ্বনির (যেমন 'ch', 'sh', 'th') সাথে সম্পর্কিত করতে পারে।
- বর্ণ/ধ্বনির জ্ঞান ব্যবহার করে সহজ শব্দগুলো পড়তে পারে।
- বর্ণ/ধ্বনির জ্ঞান ব্যবহার করে সহজ শব্দগুলো লিখতে পারে।
- ফ্ল্যাশ কার্ডের শব্দগুলো পড়তে পারে।
- একটি বাক্যের শব্দগুলো পড়তে পারে।

# 3 শব্দ ও বানান

ছন্দমিলযুক্ত শব্দগুলো শোনা ও ব্যবহার করা, শিক্ষার্থীদের ইংরেজীর বর্ণ ও ধ্বনির ধরণগুলো সনাক্ত করতে সাহায্য করে। পাঠ্যবইয়ে এমন কিছু পাঠ থাকে যা শিক্ষার্থীদের একটি দীর্ঘতর পাঠ্যের ভিতরে নির্বাচিত সংক্ষিপ্ত শব্দগুলো খুঁজে বের করতে বলে। আপনি শিক্ষার্থীদের ছন্দমিলযুক্ত শব্দগুলো সনাক্ত করতে সাহায্য করার জন্য এই পাঠগুলোকে উপযোগী করে তুলতে পারেন।

অ্যাক্টিভিটি 3 এ প্রথম শ্রেণির পাঠ্যবই থেকে একটি নির্বাচিত অংশ ব্যবহার করা হয়। নির্বাচিত অংশের প্রথমদিকের শব্দগুলো ছন্দমিলযুক্ত শব্দ। গল্পে প্রতি জোড়ার একটি শব্দ আছে, আর শিক্ষার্থীদেরকে এই শব্দগুলো খুঁজে বের করতে হবে।

## অ্যাক্টিভিটি 3: শব্দ অনুশীলনীর জন্য পাঠ্যবই ব্যবহার করা

এই অ্যাক্টিভিটি শিক্ষার্থীদেরকে একটি অর্থবহ প্রসঙ্গে শব্দগুলো ব্যবহার করতে সাহায্য করে। এটা নিজেই পরখ করে দেখুন।

এই শব্দগুলো জোরে পড়ুন ও উচ্চারণ করুন। তারপরে আপনি গল্পে যে শব্দগুলো খুঁজে পাবেন ,সেগুলোর চারপাশে বৃত্ত আঁকুন।

| | | | |
|---|---|---|---|
| few | bed | see | back |
| new | red | tree | sack |

Ravi is crying. ‘I CAN’T SEE MY NEW BAG!’ he says.

‘Is your bag new?’ asks the teacher.

‘Yes, it is,’ says Ravi.

‘Is it red and yellow?’

‘Yes, it is.’

‘I can see it,’ says the teacher.

‘Where?’

‘It’s on your back!’

এবার আপনার পাঠ্যবই থেকে একটা ছোট নির্বাচিত অংশ বেছে নিন আর উপরের অ্যাক্টিভিটির মত একটা অ্যাক্টিভিটি তৈরি করুন, নির্বাচিত অংশের সাথে সঙ্গতিপূর্ণ কতগুলো ছন্দমিলযুক্ত শব্দের একটা সেট তৈরি করুন।

আপনি পাঠ্যবই থেকে নির্বাচিত অংশ ও ছন্দমিলযুক্ত শব্দগুলোর যে সেট প্রস্তুত করেছেন, সেটা আপনার শিক্ষার্থীদের সঙ্গে ব্যবহার করুন। শিক্ষার্থীদের দেখান যে অ্যাক্টিভিটিটা কীভাবে করতে হবে, প্রথম শব্দটা আপনি নিজেই করুন।

আপনার বেছে নেওয়া নির্বাচিত অংশটি যদি একটি কথোপকথন হয়, তাহলে কথোপকথনটি জোরে জোরে পড়ে নিশ্চিত হয়ে নিন যে, শিক্ষার্থীরা সেটা বুঝতে পেরেছে। আপনি আলাদা কন্ঠস্বর ব্যবহার করে দুটি আলাদা অংশ অভিনয় করতে পারেন, অথবা কোনো শিক্ষার্থীকে আপনার সঙ্গে সেটা অভিনয় করতে বলুন। শিক্ষার্থীরা অর্থটা বুঝতে পেরেছে তা নিশ্চিত করার জন্য মূকাভিনয় ও অঙ্গভঙ্গি এবং ক্লাসরুমের কোনো জিনিস ব্যবহার করুন।

শিক্ষার্থীরা এই অ্যাক্টিভিটিতে অংশ নেওয়ার সময় আপনি তাদের ইংরেজী বর্ণের ধরণ সনাক্ত করা ও পড়ার দক্ষতাগুলো মূল্যায়ন করতে পারেন। তাদেরকে নির্বাচিত অংশটি পড়তে উৎসাহ দিন এবং জোরে উচ্চারিত ছন্দমিলযুক্ত শব্দগুলো শুনুন।

পরের অ্যাক্টিভিটিতে আপনি ইংরেজী অক্ষর, ধ্বনি ও বানানের মধ্যে সম্পর্কের দিকে নজর দেবেন।

উদাঃ পশ্চিমবঙ্গ সরকারের Class-VII–এর পাঠ্যপুস্তক Lesson-3–এর Activity-3

## অ্যাক্টিভিটি 4: বানান করার জন্য বর্ণ ও ধ্বনিগুলো ব্যবহার করা

এই অ্যাক্টিভিটিটি আপনার জন্য।

আট বছরের একটি মেয়ের লেখা একটি ইংরেজী গল্পের শুরুর অংশটা পড়ুন:

Ther ouns was two flawrs. Oun was pink and the othr was prpul.
Thae did not like ech athr becuse thae whr difrint culrs. Oun day thae had a fite.

আপনি কি এই গল্পটা পড়তে পেরেছেন এবং তা বুঝেছেন? আপনি কীভাবে এটাকে মূল্যায়ন করবেন?

শিক্ষার্থী ইংরেজী বর্ণ ও ধ্বনি সম্বন্ধে যা কিছু জানে, সে তার গল্পটা লেখার জন্য সেই পুরো জ্ঞান কাজে লাগাচ্ছে। কীভাবে বানান লিখতে হবে সেই ব্যাপারে সে তার বিচারবুদ্ধি ব্যবহার করছে। এই উদ্ভাবিত বানানগুলো পড়া ও লেখার দক্ষতার উন্নয়নের একটি পর্যায়। শিক্ষার্থীদের উদ্ভাবিত বানানগুলোকে অক্ষরজ্ঞানের উন্নয়ন প্রক্রিয়ার অংশ হিসেবে দেখা জরুরি - এগুলো ভুল বা ত্রুটি নয়।


আপনার ছোট শিক্ষার্থীরা যখন ইংরেজী লেখা শুরু করে, তখন তারা সম্ভবত: বানান উন্নয়নের এই পর্যায়গুলোর মধ্যে দিয়ে যাবে:

- একটি শব্দ বা ধ্বনি লেখার জন্য একটিমাত্র বর্ণ ব্যবহার করা; যেমন 'u' for 'you', 'বা ''m' for 'am'.'।
- একটি শব্দ লেখার জন্য একটি বর্ণ বা কতগুলো বর্ণের একটি শ্রেণি ব্যবহার করা; যেমন 'come' এর জন্য 'kam', 'love' এর জন্য 'lv', এবং 'this is a cat' এর জন্য 'dis iz a kat'।

এখন আপনার কয়েকজন শিক্ষার্থীর ইংরেজী লেখার দিকে নজর দিন আর দেখুন যে আপনি ইংরেজীর উদ্ভাবিত বানান খুঁজে পান কি না।

এই উদ্ভাবিত বানানগুলোর প্রতি আপনার প্রতিক্রিয়া কী ছিল? আপনি কি তৎক্ষণাৎ সেগুলো শুধরে দেন? শিক্ষার্থীরা আপনার ভুল সংশোধনে কীভাবে প্রতিক্রিয়া করে? আপনি কি কখনও শিক্ষার্থীদেরকে তাদের নিজের ভাষায় আপনাকে ইংরেজী বানানগুলো ব্যাখ্যা করতে বলেন?

উদ্ভাবিত বানানগুলো খুব বেশি সংশোধন না করা আপনার পক্ষে জরুরি, যেহেতু শিক্ষার্থীরা যে ভাষা শিখছে সেই ভাষার অক্ষর ও ধ্বনিগুলো নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করছে। শিক্ষার্থীরা ভাষা শোনা, পড়া ও লেখার সময় বানান সম্বন্ধে ধারণা অর্জন করে। সময়ের সাথে সাথে, তারা যত বেশি অভিজ্ঞতা অর্জন করবে ও অভ্যাস করবে, তাদের বানানও ক্রমশ: তত বেশি সঠিক হবে।




শিক্ষার্থীরা যত বেশি অভিজ্ঞতা অর্জন করবে ও অভ্যাস করবে, তাদের বানানও ক্রমশ: তত বেশি সঠিক হবে।

# 4 সারসংক্ষেপ

এই ইউনিটে আপনি দেখেছেন যে, আপনার নিজের এবং আপনার শিক্ষার্থীদের ইংরেজী বর্ণ ও ধ্বনির জ্ঞানকে কীভাবে অ্যাক্টিভিটির মাধ্যমে উন্নত করা যায়। আপনার বর্ণ ও ধ্বনি শেখানোকে লেখা ও পড়ায় অন্তর্ভুক্ত করা একটা ভাল রীতি, যাতে শিক্ষার্থীরা বিচ্ছিন্নভাবে বর্ণগুলো না শেখে। যদি পারেন, আপনার নিজের উচ্চারণ উন্নত করার জন্য রেডিওতে কথ্য ইংরেজী বা ইংরেজী গান শুনুন। আপনার ক্লাসরুমে নিয়মিত ইংরেজী শোনার অ্যাক্টিভিটিগুলোর জন্য রেডিও ব্যবহার করার সম্ভাবনা সম্বন্ধে চিন্তাভাবনা করুন। আপনি কি শিক্ষার্থীদের কম্পিউটারের কীবোর্ড বা মোবাইল ফোনে ইংরেজী বর্ণগুলো দেখাতে পারেন?

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হল:

- *শ্রেণিকক্ষের রুটিনগুলি*
- *সৃজনশীলভাবে পাঠ্য পুস্তকের ব্যবহার করা*
- *গান, ছড়া এবং শব্দ নিয়ে খেলা*
- *গল্প বলা*
- *ভাগ করে পড়া।*

# সম্পদসমূহ

## সম্পদ 1: উচ্চারণ সহায়িকা

ইংরেজী নিশ্চিতভাবেই আপনার মাতৃভাষা নয়, আর আপনি নিখুঁত উচ্চারণ করার প্রত্যাশা করতে পারেন না। আপনি ইংরেজী পড়তে ও লিখতে পারলেও, আপনি হয়ত খুব বেশি ইংরেজী শোনেন নি, আর হয়ত ইংরেজী বলতে লজ্জাবোধ করেন। জাতীয় রেডিও ও দূরদর্শনের ইংরেজী অনুষ্ঠানগুলো শোনা হল আপনার উচ্চারণকে ঘষামাজা করার একটা উপায়। আরেকটা উপায় হল একটা ভাল অভিধানের উচ্চারণ সহায়িকা ব্যবহার করা।

আপনি যদি চান যে, আপনার শিক্ষার্থীরা এমনভাবে ইংরেজী বলুক যাতে তাদের কথা ভালভাবে বোঝা যায়, তাহলে আপনাকে অবশ্যই যথাসম্ভব ভাল উচ্চারণের চেষ্টা করতে হবে।

আপনি ইংরেজীর প্রধান স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণগুলোর ধ্বনি বা এগুলোর মিশ্রণ সম্বন্ধে কতটা ভাল জানেন তা পরীক্ষা করার জন্য নিচের উচ্চারণ সহায়িকাটি ব্যবহার করুন। আপনি যে ধ্বনিগুলোর ব্যাপারে কম আত্মবিশ্বাসী সেগুলোয় টিক দিন, আর যে শব্দগুলোতে এই ধ্বনিগুলো আছে সেগুলো শোনা ও বলার জন্য পদক্ষেপ নিন।

## Single vowels

short a (mat, ant)

short e (bed, end)

short i (fish, it)

short o (shop, hot)

short u (bus, under)

long a (race, late)

long e (these, scene)

long i (time, like)

long o (home, bone)

long u (tune, use)

## Pairs of vowels making a new sound

ai (train, paint)

ea (leaf, dream)

ee (sheep, been)

oa (boat, road)

oo (look, good)

ou (ground, out)

## Vowel changed by a consonant

ar (car, park)

er (her, verse)

ir (bird, shirt)

or (short, or)

ur (ture, purple)

ow (town, shower/show, low)

ay (day, play)

## Pairs of consonants making new sounds

th – unvoiced (three, thanks)

th – voiced (this, mother)

sh (she, short)

ch (which, chicken)

ph (phone, elephant)

gh (laugh, enough, high, although)

wh (what, why)

## Others

all (all, fall)

qu (queen, quick)

y (sunny, happy)

ing (sing, talking)

# সম্পদ 2: দলগত কাজ ব্যবহার করা (Using group work)

দলগত কাজ হল একটা পদ্ধতিমাফিক, সক্রিয়, শিক্ষাবিজ্ঞানগত কৌশল যা ছোট দলগুলির শিক্ষার্থীদের সাধারণ লক্ষ্যের সাফল্য অর্জনের জন্য একসাথে কাজ করতে উৎসাহিত করে। এই ছোট ছোট দলগুলো সুসংহত কার্যকলাপের মাধ্যমে আরও সক্রিয় এবং কার্যকর শিক্ষাদানকে উৎসাহিত করে।

## দলগতভাবে কাজ করার সুবিধা

দলগতভাবে কাজ আপনার শিক্ষার্থীদেরকে চিন্তা করতে, মতবিনিময় করতে, ধারণা ও চিন্তাধারা আদান প্রদান করতে, এবং সিদ্ধান্ত নিতে উৎসাহিত করে তাদেরকে শেখার জন্য অনুপ্রানিত করার এক অত্যন্ত কার্যকর উপায় হতে পারে। আপনার শিক্ষার্থীরা শিখতে এবং অন্যদের শেখাতে, দুটোই পারে: এটি শিক্ষার একটা শক্তিশালী এবং সক্রিয় রূপ।

দলগতভাবে কাজ হল শিক্ষার্থীদের দল বেঁধে বসার থেকে অনেক বেশি কিছু; এর জন্য সকলকেই একটি স্পষ্ট উদ্দেশ্যযুক্ত কাজে অংশ নিতে ও অবদান দিতে হয়। আপনি শেখানোর জন্য কেন দলগতভাবে কাজের ব্যবহার করছেন সেই সম্পর্কে আপনার স্পষ্ট ধারণা থাকতে হবে এবং বক্তৃতা করা, জুটিতে কাজ করা বা শিক্ষার্থীদের নিজে নিজে করার পরিবর্তে এটা কেন বাঞ্ছনীয় তা জানতে হবে। অতএব, দলগত কাজ সুপরিকল্পিত এবং উদ্দেশ্যপূর্ণ হতে হবে।

## দলগত কাজের পরিকল্পনা

কখন এবং কীভাবে আপনি দলগত কাজ ব্যবহার করবেন তা পাঠক্রমের শেষে আপনি কি শিখণ অর্জন করতে চান তার উপর নির্ভর করবে। আপনি পাঠের শুরুতে, মাঝপথে বা শেষে দলগত কাজ অন্তর্ভুক্ত করতে পারেন, তবে আপনার যথেষ্ট সময় দেওয়া দরকার। আপনি শিক্ষার্থীদের দিয়ে যে কাজটি সম্পূর্ণ করাতে চান সেই বিষয়ে এবং দলগুলো সংগঠিত করার সেরা উপায় সম্পর্কে আপনাকে ভাবতে হবে।

শিক্ষক হিসেবে আপনি দলগত কাজের সাফল্য নিশ্চিত করার লক্ষ্যে আপনি এই ভাবে কিছু আগাম পরিকল্পনা করতে পারেন:

- দলগত কার্যকলাপের লক্ষ্য এবং প্রত্যাশিত ফলাফল
- মতামত প্রদান বা সংক্ষেপে কোনো কাজের বর্ণনা সহ, তার জন্য বরাদ্দ সময়
- কীভাবে দল ভাগ করবেন (কতগুলো দল, প্রত্যেক দলে কতজন শিক্ষার্থী, দলগতভাবে বিচার্য বিষয়)
- কীভাবে দলগুলো সংগঠিত করবেন (বিভিন্ন দলের সদস্যদের ভূমিকা, প্রয়োজনীয় সময়, উপকরণ, নথিবদ্ধ করা এবং প্রতিবেদন তৈরি করা)
- কীভাবে কোনো মূল্যায়ন পদ্ধতি পরিচালনা ও নথিবদ্ধ করা হবে (দলগত মূল্যায়ন থেকে ব্যক্তিগত মূল্যায়নকে আলাদা করে চিহ্নিত করতে যত্নশীল হোন)
- কীভাবে আপনি দলগত অ্যাক্টিভিটিগুলো নিরীক্ষণ করবেন।

## দলগতভাবে করণীয় কাজগুলো

আপনি আপনার শিক্ষার্থীদের যে কাজ সম্পূর্ণ করতে বলেন তা নির্ভর করে আপনি তাদের যা শেখাতে চান তার উপর। দলগত কাজে অংশ নিয়ে তারা একে অপরের কথা শোনা, তাদের ধারণাগুলো ব্যাখ্যা করা এবং সহযোগিতামূলকভাবে কাজ করার মত দক্ষতাগুলো শিখবে। তবে, তাদের জন্য প্রধান লক্ষ্য হল আপনি যে বিষয়টি শেখাচ্ছেন সেটা সম্পর্কে কিছু শেখা। করণীয় কাজের কিছু উদাহরণ নিম্নরূপ:

- **উপস্থাপনা:** শিক্ষার্থীরা শ্রেণির বাকি সহপাঠীদের জন্য একটা উপস্থাপনা প্রস্তুত করতে দলগতভাবে কাজ করে। প্রতিটি দল যদি বিষয় সম্পর্কে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি উপস্থাপনা করে তবে তা সবচেয়ে কার্যকরী হয়, তাহলে একই বিষয়ে বারবার শোনার থেকে বরং তারা একে অপরের কথা শুনতে উদ্দীপিত হয়। প্রতিটি দলের ক্ষেত্রেই উপস্থাপন করার সময় সম্পর্কে খুব কঠোর হতে হবে এবং ভাল উপস্থাপনা নির্বাচন করার জন্য নির্দিষ্ট মানদণ্ডগুলো স্থির করতে হবে। পাঠ শুরুর আগেই, বোর্ডে এগুলো লিখুন। শিক্ষার্থীরা তাদের উপস্থাপনার পরিকল্পনা এবং একে অপরের কাজের মূল্যায়ন করার জন্য এই মানদণ্ডগুলো ব্যবহার করতে পারে। মানদণ্ডগুলোতে অন্তর্ভুক্ত থাকতে পারে:
  - উপস্থাপনাটি কি স্পষ্ট ছিল?
  - উপস্থাপনাটি কি সুসংগঠিত ছিল?
  - আমি কি উপস্থাপনাটি থেকে কিছু শিখতে পেরেছিলাম?
  - উপস্থাপনাটি কি আমাকে ভাবিয়ে তুলেছিল?
- **সমস্যার সমাধান:** কোন সমস্যা বা এক গুচ্ছ সমস্যার সমাধান করতে শিক্ষার্থীরা দলগতভাবে কাজ করে। এতে বিজ্ঞানের একটা পরীক্ষা পরিচালনা করা, গণিতের সমস্যা সমাধান, ইংরেজিতে একটা গল্প বা কবিতা বিশ্লেষণ, বা ইতিহাসের প্রমাণ বিশ্লেষণ অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **একটা হস্তনির্মিত বস্তু বা পণ্য তৈরি করা:** শিক্ষার্থীরা একটা গল্প নির্মান, নাট্যাংশ, সঙ্গীতাংশ মডেল তৈরি করে, কোন ধারণা ব্যাখ্যা করার জন্য, কোনো বিষয়ে একটা সংবাদ প্রতিবেদন অথবা পোস্টার বানিয়ে কোনো ধারণা ব্যাখ্যা অথবা সারাংশ করার জন্য তারা দলগতভাবে কাজ করে। একটি নতুন বিষয় শুরু করার আগে দলগুলোকে বৌদ্ধিক আলোড়ণ (Brainstorming) বা চিন্তনের রূপরেখা (Mind Map) তৈরি করার জন্য পাঁচ মিনিট সময় দেওয়া হলে, তাদের সক্রিয়তা আপনাকে তাদের বর্তমান জ্ঞান সম্পর্কে জানতে সাহায্য করে, এবং যথাযথ শিখণ মাত্রার পাঠ পরিকল্পনা করতেও সহায়তা করবে।
- **পৃথকীকৃত কর্ম:** বিভিন্ন বয়স বা বিভিন্ন দক্ষতার শিক্ষার্থীদের কোন উপযুক্ত করণীয় কাজ একসঙ্গে করার জন্য দলগত কাজ একটা ভালো সুযোগ করে দেয়। কাজটি ব্যাখ্যা করার সুযোগ পেয়ে উচ্চ সামর্থ্যযুক্ত উপকৃত হতে

পারে, পক্ষান্তরে স্বল্প সামর্থ্যযুক্ত শিক্ষর্থীদের পক্ষে পুরো শ্রেণির তুলনায় একটা দলের মধ্যে প্রশ্ন জিজ্ঞাসা করায় সাবলীল হবে এবং তারা তাদের সহপাঠীদের কাছ থেকেও শিখবে।

- **আলোচনা:** শিক্ষার্থীরা একটি বিষয় বিবেচনা করে এবং সিদ্ধান্তে আসে। বিভিন্ন বিকল্প বিবেচনা করার জন্য শিক্ষার্থীদের যথেষ্ট জ্ঞান থাকা নিশ্চিত করতে আপনাকে যথেষ্ট প্রস্তুতি নিতে হতে পারে, তবে একটা আলোচনা বা বিতর্ক আয়োজন করা আপনার ও তাদের উভয়ের জন্য অত্যন্ত ফলপ্রসূ হতে পারে।

## দলগুলোকে সংগঠিত করা

চার থেকে আট জনের দল আদর্শ তবে এটা আপনার শ্রেণির আকার, বাস্তব পরিবেশ ও আসবাবপত্র, এবং আপনার শিক্ষার্থীদের সামর্থ্য ও বয়সের সীমার উপর নির্ভর করবে। আদর্শভাবে একটা দলের প্রত্যেকের একে অপরকে দেখা, চিৎকার করে কথা বলা এবং দলগত কাজের ফলাফলে অবদান রাখা প্রয়োজন।

- কীভাবে এবং কেন আপনি শিক্ষার্থীদের দলে বিভক্ত করবেন তা স্থির করুন; উদাহরণস্বরূপ, আপনি বন্ধুত্ব, আগ্রহ অথবা অনুরূপ বা মিশ্র দক্ষতা অর্জন অনুযায়ী দলগুলোকে বিভক্ত করতে পারেন। বিভিন্ন পদ্ধতি নিয়ে পরীক্ষানিরীক্ষা করুন এবং প্রতিটি শ্রেণিতে কোনটা সবথেকে ভালভাবে কাজ করে তা পর্যালোচনা করুন।
- আপনি দল সদস্যদের যে সমস্ত ভূমিকা দেবেন (উদাহরণস্বরূপ, লিপিকার, মুখপাত্র, সময় রক্ষক বা সরঞ্জাম সংগ্রাহক), এবং আপনি এটা কীভাবে সুস্পষ্ট করবেন তা পরিকল্পনা করুন।

## দলগতভাবে কাজ পরিচালনা করা

ভাল দলগত কাজ পরিচালনা করতে আপনি রুটিন এবং নিয়ম তৈরি করতে পারেন। আপনি নিয়মিত দলগত কাজ ব্যবহার করলে, শিক্ষার্থীরা জানবে যে আপনি কি আশা করেন এবং এটাকে আনন্দদায়ক বলে মনে করবে। দল ও দলের সঙ্গে একসঙ্গে কাজ করার সুবিধা চিহ্নিত করার জন্য, আপনার শ্রেণির সঙ্গে কাজ করা প্রাথমিকভাবে একটা ভাল ধারণা। দলগত কাজে ভাল আচরণ বলতে কী বোঝায় তা আপনার আলোচনা করা উচিত, এবং সম্ভবত 'নিয়মাবলী'র একটা তালিকা তৈরি করা উচিত যা প্রদর্শন করা যেতে পারে; উদাহরণস্বরূপ, 'একে অপরের জন্য সম্মান', 'শোনা', 'একে অপরকে সাহায্য করা', 'একাধিক ধারণা চেষ্টা করা', প্রভৃতি।

দলগত কাজ সম্পর্কে পরিষ্কার মৌখিক নির্দেশ দেওয়া গুরুত্বপূর্ণ যা সূত্র হিসেবে ব্ল্যাকবোর্ডেও লেখা যেতে পারে। আপনাকে করতে হবে:

- আপনার পরিকল্পনা অনুযায়ী আপনার শিক্ষার্থীদের যে দলে কাজ করতে হবে সেই দলে যোগ দেওয়ার নির্দেশ দিন, সম্ভবত শ্রেণিকক্ষের এলাকাগুলোও চিহ্নিত করে দিতে পারেন যেখানে তারা কাজ করবে বা কোনো আসবাবপত্র বা বিদ্যালয় ব্যাগ সরানো সম্পর্কে নির্দেশাবলী প্রদান করুন
- করণীয় কাজটি সম্পর্কে খুব স্পষ্ট ধারণা থাকতে হবে এবং সংক্ষিপ্ত নির্দেশাবলী বা ছবিতে এটা বোর্ডে লিখুন। আপনার শুরু করার আগে আপনার শিক্ষার্থীদের প্রশ্ন জিজ্ঞাসা করার অনুমতি দিন।

পাঠের সময়, পর্যবেক্ষণ করতে চারিদিকে ঘুরুন এবং দলগুলো কীভাবে কাজ করছে তা পরীক্ষা করুন। তারা কাজ থেকে বিচ্যুত হয়ে গেলে বা আটকে পড়লে, যেখানে প্রয়োজনে পরামর্শ দিন।

আপনি কাজের সময় দল পরিবর্তন করতে পারেন। আপনি দলগত কাজের ব্যাপারে আত্মবিশ্বাসী বোধ করলে এই দুটো কৌশল চেষ্টা করে দেখতে পারেন – বড় শ্রেণি সামলানোর সময় এগুলো বিশেষভাবে সহায়ক হয়:

- **'বিশেষজ্ঞ দল:** প্রতিটি দলকে ভিন্ন কাজ দিন, যেমন বিদ্যুত্ উৎপাদনের একটা উপায় গবেষণা করা বা কোন নাটকের জন্য একটা চরিত্র তৈরি করা। একটি উপযুক্ত সময়ের পরে, দলগুলোকে পুনরায় সংগঠিত করুন যাতে সমস্ত মূল দল থেকে একজন 'বিশেষজ্ঞ'কে নিয়ে প্রতিটি নতুন দল তৈরি হয়। তারপর তাদের একটা কাজ দিন যেখানে সমস্ত বিশেষজ্ঞদের থেকে জ্ঞানকে এক জায়গায় জড় করতে হয়, যেমন কি ধরনের বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করতে হবে সেই সিদ্ধান্ত নেওয়া বা নাটকের একটা অংশ প্রস্তুত করা।
- **'দূত':** কাজটিতে কিছু সৃষ্টি করা বা কোন সমস্যার সমাধান করা জড়িত থাকলে, কিছুক্ষণ পর, প্রতিটি দলকে অন্য দলগতভাবে একজন দূত পাঠাতে বলুন। তারা ধারণাগুলোর বা সমস্যার সমাধানগুলোর তুলনা করতে পারে এবং তারপর তাদের নিজেদের দলে ফিরে গিয়ে মতামত প্রকাশ করতে পারে। এই ভাবে, দলগুলো একে অপরের থেকে শিখতে পারে।

কাজের শেষে, কি শেখা হয়েছে তা সংক্ষেপে বর্ণনা করুন এবং আপনি কোনো ভ্রান্ত ধারণা দেখতে পেলে তা সংশোধন করুন। আপনি প্রতিটি দল থেকে মতামত শুনতে চাইতে পারেন, অথবা শুধুমাত্র একটা বা দুটো দলকে জিজ্ঞাসা করতে পারেন, যাদের কিছু ভাল ধারণা আছে বলে আপনি মনে করেন। শিক্ষার্থীদের মতামত প্রদান করাটি সংক্ষিপ্ত রাখুন এবং কোন কাজটা ভালভাবে করা হয়েছে, কোনটা আকর্ষণীয় ছিল এবং কোনটা আরও উন্নত করা যেতে পারে তা শনাক্ত করে তাদেরকে অন্য দলগুলির কাজের উপর মতামত দিতে উৎসাহ দিন।

আপনি যদি আপনার শ্রেণিকক্ষে দলগত কাজ গ্রহণ করতে চান তাহলেও, কখনও কখনও এটা সংগঠিত করা আপনার কাছে কঠিন লাগতে পারে, কারণ কিছু শিক্ষার্থী:

- সক্রিয় শিখন প্রতিরোধ করে এবং অংশ নেয় না
- আধিপত্য বিস্তারকারী
- ারস্পরিক সম্পর্ক স্থাপনের কম দক্ষতার কারণে বা আত্মবিশ্বাসের অভাবে তারা অংশগ্রহণ করে না।

দলবদ্ধ কাজ পরিচালনায় কার্যকর হয়ে ওঠার জন্য, শেখার ফলাফল কতদূর পূরণ হয়েছিল এবং আপনার শিক্ষার্থীরা কতটা ভাল সাড়া দিয়েছিল (তারা সবাই কি উপকৃত হয়েছিল?) তা বিবেচনা করার পাশাপাশি উপরের সব পয়েন্টগুলো বিবেচনা করা গুরুত্বপূর্ণ। দলগত কাজ, সম্পদ, সময় বা দল গঠনে আপনি যে পরিবর্তনগুলো করতে পারেন তা বিবেচনা করুন এবং সাবধানে পরিকল্পনা করুন।

গবেষণা সুপারিশ করে যে শিক্ষার্থীদের সাফল্যকে ইতিবাচকভাবে প্রভাবিত করার জন্য সব সময় দলগত শিখণ প্রয়োগ করার প্রয়োজন নেই, তাই প্রতি পাঠে এটার ব্যবহার বাধ্যতামূলক বলে আপনার মনে করা উচিত নয়। আপনি দলগত কাজ ব্যবহার করাকে একটা পরিপূরক কৌশল হিসাবে বিবেচনা করতে পারেন, উদাহরণস্বরূপ একটা বিষয় পরিবর্তনের মধ্যে একটা বিরতি হিসাবে বা শ্রেণির কোন আলোচনা হঠাত্ শুরু করার জন্য। এছাড়াও আড়ষ্টতা দূর করার অ্যাক্টিভিটি হিসাবে বা অভিজ্ঞতামূলক শেখার অ্যাক্টিভিটি প্রচলন করার জন্যও এটা ব্যবহার করা যায় এবং শ্রেণিকক্ষে সমস্যা সমাধান অনুশীলন করতে, বা বিষয় পর্যালোচনা করতেও ব্যবহার করা যেতে পারে।

# সম্পদ 3: বর্ণ, ধ্বনি ও শব্দ নিয়ে খেলা

একটা খেলা বেছে নিন আর একজন সহকর্মীর সঙ্গে সেটা অভ্যাস করুন। তারপরে আপনার ক্লাসের সঙ্গে সেটা পরখ করে দেখুন।

## ‘বর্ণ ও ধ্বনি’

মৌখিক অ্যাক্টিভিটি: একটি বর্ণের ধ্বনি উচ্চারণ করুন (যেমন ‘rrrr’)। শিক্ষার্থীদেরকে অবশ্যই এমন শব্দগুলো বলতে হবে যা সেই বর্ণ দিয়ে শুরু হয় (যেমন ‘rain’ বা ‘rabbit’)। তাদের ইংরেজীতে বা বাংলাতে উত্তর দিতে দিন।

পড়া ও শোনার অ্যাক্টিভিটি: বোর্ডে একটা অক্ষর লিখুন, যেমন ‘f’ অক্ষরটি। তারপরে অন্য কোনো বর্ণের ধ্বনিটা উচ্চারণ করুন, যেমন ‘g’ (‘gh’) এর ধ্বনি, অথবা একটা শব্দ যা সেই অক্ষর দিয়ে শুরু হয়, যেমন ‘goat’। শিক্ষার্থীরা যদি মনে করে যে, আপনি যে বর্ণ বা শব্দ বলছেন সেটা বোর্ডের বর্ণের সাথে মিলছে তাহলে তাদেরকে অবশ্যই হাত তুলতে হবে। আপনি নজর রাখতে পারেন যে, কোন শিক্ষার্থীরা পাঠটি অনুসরণ করছে। বিভিন্ন বর্ণ, ধ্বনি ও শব্দ নিয়ে এটা পরখ করে দেখুন।

## ‘অনুমান কর, আমি কী দেখছি?’

এই খেলাটা যে কোনো পর্যায়েই ব্যবহার করা যায়। আপনি ক্লাসরুমে দেখতে পাচ্ছেন এমন যে কোনো জিনিসের জন্য একটা শব্দ বেছে নিন (যেমন ‘pen’, ‘door’, ‘chair’)। এই শব্দটা কী, তা বলবেন না। এটা এমন একটা শব্দ হওয়া উচিত যা ক্লাসের বেশি ভাগ ছাত্রই জানবে। তারপরে বলুন, ‘অনুমান কর আমি কী দেখছি?’ আমি এমন একটা জিনিস দেখতে পাচ্ছি যা শুরু হয় এটা দিয়ে … আর তারপরে প্রথম বর্ণের ধ্বনিটা বলুন, যেমন ‘p’, ‘d’ বা ‘ch’। শিক্ষার্থীদের শব্দগুলো অনুমান করতে হবে। প্রতিটা শব্দ অনুমান করার সময়, শব্দটির উচ্চারণ অভ্যাস করুন।

শিক্ষার্থীরা যখন খেলাটার সাথে পরিচিত হয়ে যাবে, তখন তারা দলে বা জুটিতে এটা খেলতে পারবে, অথবা শিক্ষার্থীরা ক্লাসে নেতৃত্ব দেওয়ার জন্য পালা করে অংশ নিতে পারে।

## ‘শব্দের সিঁড়ি’ (‘Word Ladder’)

শিক্ষার্থীরা এই অ্যাক্টিভিটিরর জন্য তাদের পাঠ্যবই দেখতে পারে। একটা শব্দ তালিকাভুক্ত করে এই খেলাটা শুরু হয়, যেমন ‘pen’। পরের খেলোয়াড় বা দলকে একটা শব্দ বলতে হবে, যা আগের শব্দের অন্তিম ধ্বনি দিয়ে শুরু হয়; যেমন ‘nest’। খেলাটা এগোতে থাকে, পরের খেলোয়াড় বা দল একটা শব্দ বলবে যা ‘t’ ধ্বনি দিয়ে শুরু হয়, এইভাবে চলতে থাকবে।

## ‘এটা কি একই?’ (‘Is it the Same?’)

ক্লাসকে দুটি বা তার বেশি দলে বিভক্ত করুন। সাম্প্রতিক পাঠগুলো থেকে প্রায় 12টি শব্দ নির্বাচন করে বোর্ডে লিখুন। একটি শব্দের প্রতি নির্দেশ করুন (যেমন ‘page’) আর একটি শব্দ বলুন। আপনি যে শব্দটি বলবেন সেটা আপনার দ্বারা নির্দেশ করা শব্দ হতে পারে অথবা কিছুটা সাদৃশ্যযুক্ত অন্য একটি শব্দ হতে পারে (যেমন ‘play’ বা ‘plane’)। একজন শিক্ষার্থীকে বেছে নিন, যাকে তারপরে ‘এটা একই’, বা ‘এটা এক নয়’ বলতে হবে, যা নির্ভর করবে, আপনার দ্বারা নির্দেশ করা শব্দটি আপনার বলা শব্দের সাথে একই কি না তার ওপর। সঠিক উত্তর দেওয়া হলে দল এক পয়েন্ট জিতবে। এবার অন্য দলের একজন শিক্ষার্থীকে জিজ্ঞাসা করুন।

এইভাবে এগোন। কিছুক্ষণ পরে, বোর্ড থেকে প্রথম দলের শব্দগুলো মুছে দিন আর অন্য একটা দলের শব্দ লিখুন ও পুনরাবৃত্তি করুন। স্কোরগুলো বোর্ডে রেখে, প্রয়োজন অনুযায়ী আবার পুনরাবৃত্তি করুন।

## ‘শব্দ আঁকা’ (‘Paint the Word’)

ছোট শিক্ষার্থীদের জন্য এই খেলাটা বর্ণমালার একটি বর্ণের সাথে ব্যবহার করা যায়। আরো অগ্রসর হওয়া শিক্ষার্থীদের জন্য অ্যাক্টিভিটিটা শব্দের সাথে ব্যবহার করা যায়।

সাম্প্রতিক পাঠ ও/বা বর্তমান পাঠ থেকে একটি বর্ণ বা শব্দকে তুলির মোটা, দৃঢ় টান ব্যবহার করে আঁকার অভিনয় করা, ঠিক যেন আপনি আপনার মাথার যতটা সম্ভব ওপরে একটা রঙের তুলি ধরে আছেন। শিক্ষার্থীদের উল্টো দিকে মুখ করে থাকার কথা মনে রাখবেন, যেন আপনি ব্ল্যাকবোর্ডে লিখছেন, অথবা শিক্ষার্থীদের দৃষ্টিকোণ থেকে আয়নার প্রতিফলনের মত উল্টো দিকে করে লিখবেন! জিজ্ঞাসা করুন, কেউ বর্ণ বা শব্দটা অনুমান করতে পেরেছে কি না। যে শিক্ষার্থী প্রথমে সঠিকভাবে অনুমান করতে পারবে, সে বাকি ক্লাসের থেকে এক রাউন্ড হাততালি পাবে। আরো বর্ণ বা শব্দ নিয়ে এগোতে থাকুন, আর তারপরে শিক্ষার্থীদের পালা করে নিজেরাই বর্ণ ও শব্দগুলো নীরবে আঁকার অভিনয় করতে বলুন।

## ‘শব্দ অনুমান কর’ (‘Guess the Word’)

সাম্প্রতিক পাঠ বা বর্তমান পাঠ থেকে একটি শব্দ বোর্ডে লেখা শুরু করুন। প্রথম দুটো বর্ণ লেখা হয়ে যাওয়ার পর, শব্দটা সম্বন্ধে অনুমান করতে আহ্বান জানান। যদি কেউই সঠিকভাবে অনুমান করতে না পারে, তাহলে একটা তৃতীয় বর্ণ যোগ করুন, আর এইভাবে এগোতে থাকুন, যতক্ষণ না কেউ শব্দটা সঠিকভাবে অনুমান করছে। আপনি চাইলে, প্রথম যে শিক্ষার্থী সঠিকভাবে শব্দটা অনুমান করবে, সে বোর্ডে আসতে পারে, আর লেখার দায়িত্ব গ্রহণ করতে পারে (তবে আপনি এই ক্ষেত্রে সাহায্য করতে চাইতে পারেন)।

## ‘বসে পড়ো!’ (‘Sit Down!’)

যে কোনো পর্যায়ে এবং যে কোনো বর্ণ বা বর্ণের জোড়া ব্যবহার করে এই অ্যাক্টিভিটি পরিচালনা করা যায়। নীচের উদাহরণটা ‘sh’ ব্যবহার করে।

বোর্ডে ‘sh’ অক্ষরগুলো লিখুন। প্রত্যেককে উঠে দাঁড়াতে হবে। বর্তমান ও আগের পাঠ থেকে একটা শব্দ বলুন। এতে যদি ‘sh’ থাকে, তাহলে শিক্ষার্থীদের বসে পড়তে হবে; যদি না থাকে তাহলে তারা দাঁড়িয়ে থাকবে। আপনার ক্লাসরুমে যদি উঠে দাঁড়ানো বা বসে পড়া কঠিন হয়, তাহলে শিক্ষার্থীরা তার বদলে হাত ওঠাতে ও নামাতে পারে। কোনো পাঠে শারীরিকভাবে প্রতিক্রিয়া দেওয়া, শেখার মজাদার ও স্মরণীয় উপায় হতে পারে।

## ‘বর্ণমালার বোর্ড গেম’ (‘Alphabet Board Game’)

এটি একটি দলগত খেলা, আর এটা দ্বিতীয় শ্রেণি থেকে শুরু করে আরো অগ্রসর হওয়া শিক্ষার্থীদের জন্য উপযুক্ত, যারা বর্ণের নাম ও ধ্বনির সাথে পরিচিত আছে। আপনাকে সম্পদগুলো প্রস্তুত করতে হবে।

একটা বড় কার্ডবোর্ডের টুকরোয় বর্ণমালার বর্ণগুলো ক্রমানুসারে লিখুন, আর প্রতি দলের জন্য একটা বোর্ড গেম প্রস্তুত করুন। শিক্ষার্থীদের প্রতি দলের জন্য একটা ছক্কা দিন। তারা ছক্কা গড়িয়ে একটা নম্বর পাবে, আর সেই যথাযথ বর্ণে সরে যাবে। তারা কোনো বর্ণে পৌঁছানোর পরে তাদেরকে সেই বর্ণের নাম ও ধ্বনি বলতে হবে আর সেই অক্ষর দিয়ে শুরু হয় এমন একটা শব্দও বলতে হবে।

# অতিরিক্ত সম্পদসমূহ

- Karadi Tales: http://www.karaditales.com/
- National Book Trust India: http://www.nbtindia.gov.in/
- NCERT textbooks: http://www.ncert.nic.in/NCERTS/textbook/textbook.htm
- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- Phonic stories, RV VSEI Resource Centre: http://www.rvec.in/

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা


Bromley, H. (2000) *Book-based Reading Games*. London: Centre for Literacy in Primary Education.

Bryant, P. and Nunes, T (eds) (2004) *Handbook of Children's Literacy*. Dordrecht: Kluwer Academic Publishers.

Dombey, H. and Moustafa, M. (1998) *Whole to Part Phonics: How Children Learn to Read and Spell*. London: Centre for Literacy in Primary Education.

Goswami U. (2010a) 'Phonology, reading and reading difficulties', in Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) *Interdisciplinary Perspectives on Learning to Read*. London: Routledge.

Goswami U. (2010b) 'A psycholinguistic grain size view of reading acquisition across languages', in Brunswick, N., McDougall, S. and Mornay-Davies, P. (eds) *The Role of Orthographies in Reading and Spelling*. Hove: Psychology Press.

Graham, J. and Kelly, A. (2012) *Reading under Control: Teaching Reading in the Primary School*, 3rd edn. London: Routledge.

Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) (2010) *Interdisciplinary Perspectives on Learning to Read: Culture, Cognition and Pedagogy*. London: Routledge.

Class VII. Text book 'BLOSSOMS' of W.B. Government


# কৃতজ্ঞতাস্বীকার


এই বিষয়বস্তু ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন – শেয়ারঅ্যালাইক লাইসেন্স এর অধীনে উপলব্ধ (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), যদি না অন্যভাবে চিহ্নিত হয়। লাইসেন্সটি টিইএসএস (TESS)-ইন্ডিয়ার, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার বহির্ভূত করে, যা শুধুমাত্র টিইএসএস (TESS)-ইন্ডিয়ার প্রকল্পের ক্ষেত্রেই অপরিবর্তিতভাবে ব্যবহার করা যেতে পারে।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।



ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।